The Bangladesh Monitor - A Premier Travel Publication



Date: 02 November, 2025

দক্ষ কর্মীদের জন্য নতুন ভিসা চালু করছে পর্তুগাল

- A Monitor Desk Report



ঢাকা : বিদেশে কাজের সুযোগ খুঁজছেন এমন দক্ষ কর্মীদের জন্য নতুন ধরনের ভিসা চালু করতে যাচ্ছে পর্তুগাল সরকার।

'স্কিলড ওয়ার্ক সিকিং ভিসা' নামে এই নতুন কর্মসংস্থান ভিসাটি পূর্বের 'ওয়ার্ক সিকিং ভিসা' বা চাকরি অনুসন্ধান ভিসার পরিবর্তে কার্যকর হবে।

পর্তুগাল সংবাদ মাধ্যম'র প্রতিবেদন উদ্ধৃত করে আন্তর্জাতিক মিডিয়া জানিয়েছে, নতুন ভিসা চালুর এ উদ্যোগটি পর্তুগালে কাজের সুযোগ পেতে আগ্রহী দক্ষ বিদেশিদের জন্য বড় সম্ভাবনার দ্বার উন্মুক্ত করবে।

পর্তুগালের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ২৩ অক্টোবর থেকে পুরনো ওয়ার্ক সিকিং ভিসার সব অ্যাপয়েন্টমেন্ট বাতিল করা হয়েছে। ফলে কনস্যুলার অফিসগুলোসহ ভিএফএস গ্লোবাল ও বিএলএস ইন্টারন্যাশনাল পরিচালিত ভিসা কেন্দ্রগুলো আর পুরনো ভিসা ক্যাটাগরির আবেদন গ্রহণ করবে না।

মন্ত্রণালয় আরও জানায়, নতুন স্কিলড ওয়ার্ক সিকিং ভিসা চালুর প্রক্রিয়া ইতোমধ্যেই শুরু হয়েছে। তবে এটি কার্যকর হবে বিদেশি কর্মসংস্থান সংক্রান্ত নতুন আইন অনুযায়ী বিধি-নিষেধ ও নীতিমালা চূড়ান্ত হওয়ার পর।